

ফাতওয়া নান্বার: ৩৩০

প্রকাশকাল: ০১-০২-২০২৩ ইং

নাজায়েয পদ্ধতিতে চুল কেটে দেওয়ার বিধান

প্রশ্নঃ

বর্তমান সেলুনের দোকানগুলোতে দেখা যায়, কাস্টমারের মন রাখতে গিয়ে জায়েয-নাজায়েয সকল পদ্ধতিতেই চুল কাটতে হয়। এখন একজন নাপিতের জন্য কাস্টমার ধরে রাখার উদ্দেশ্যে জায়েয-নাজায়েয যেকোনো পদ্ধতিতে চুল কেটে দেওয়া কি জায়েয হবে?

প্রশ্নকারী- শাহাদাত নূর

উত্তরঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

যেসব কাজ নিজের জন্য নাজায়েয, সেগুলো অন্যকে করে দেওয়াও নাজায়েয। সুতরাং নাপিতের জন্য কারও দাড়ি এক মুষ্টি থেকে ছোট করে দেওয়া, দাড়ি সেভ করে দেওয়া এবং নাজায়েয পদ্ধতিতে চুল কেটে দেওয়া, সবই নাজায়েয; কাস্টমার ধরে রাখার উদ্দেশ্যেও তা জায়েয হবে না। আরও জানতে নিম্নোক্ত ফতোয়াটি দেখুন:

ফাতওয়া: ২৯৩-সেলুনে কাজ করার বিধান কী?

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহাদি (উফিয়া আনহু)

১৮-০৬-১৪৪৪ হি.

১২-০১-২০২৩ ই.

